*Bengali*

Liberté • Égalité • Fraternité
RÉPUBLIQUE FRANÇAISE
MINISTÈRE DES SOLIDARITÉS ET DE LA SANTÉ

# আমি অসুস্থ

## কোথায় স্বাস্থ্য সেবা পাবো ? কিভাবে জানবো কোথায় যেতে হবে ?

আমি আমার বাড়ি কাছাকাছি চিকিৎসা কেন্দ্র এবং চিকিৎসকদের তালিকা খুঁজে পেতে পারি এই ওয়েব সাইট থেকে http://annuairesante.ameli.frএবং নিম্নোক্ত তথ্য সহায়ক থেকে

**আপৎকালীন চিকিৎসার জন্য,**
15 অথবা 112 নম্বরে কল করলে আমার শারীরিক অবস্থা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে|

### হাসপাতালের বাইরে একজন স্বাস্থ্য বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করতে হলে

যেকোনো স্বাস্থ্য সমস্যার ক্ষেত্রে আপনি একজন ডাক্তারের(জেনারেল ফিজিশিয়ান) সঙ্গে পরামর্শ করতে পারেন, যিনি আপনাকে পরীক্ষা করবেন এবং আপনার প্রয়োজনীয় ওষুধগুলি লিখে দেবেন। যদি আপনার অতিরিক্ত স্বাস্থ্য পরীক্ষা বা চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে তিনি আপনাকে (বিশেষজ্ঞ) ডাক্তারের কাছে অথবা অন্যান্য স্বাস্থ্য-সহায়তাকারীর(নার্স, ফিজিওথেরাপিস্ট ...) কাছে পাঠাবেন|

### ফার্মাসি

প্রেসক্রিপশন অনুযায়ী ওষুধ কেনার জন্য অথবা ডাক্তার কিংবা হাসপাতালে যাওয়ার পরামর্শের জন্য|

**চিকিৎসা খরচ আপনার স্বাস্থ্য বীমার আওতাভুক্ত হতে পারে | কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য পৃষ্ঠা 2 দেখুন।**

### হাসপাতলে

**জরুরী অবস্থা**
কিছু নির্দিষ্ট পরীক্ষা বা বিশেষজ্ঞ পরামর্শের জন্য অ্যাপয়েন্টমেন্ট

### চিকিৎসা পরিকাঠামোতে, আপনার পরিস্থিতি যাই হোক না কেন আপনার জন্য বিনামূল্যে চিকিৎসার

- ব্যবস্থা করা হবে সবরকম চিকিৎসার জন্য, চিকিৎসার স্থায়ী পরামর্শ দান কেন্দ্র (PASS)
- গর্ভবতী মহিলা ও ৬ বছরের কম বয়সী শিশুদের জন্য: পিএমআই কেন্দ্র (PMI)
- যক্ষ্মা জন্য: যক্ষ্মা বিরোধী লড়াই কেন্দ্র (CLAT)
- এইচআইভি, হেপাটাইটিস এবং এসটিআই স্ক্রীনিংয়ের জন্য: সিইজিআইডিডি কেন্দ্র (CeGIDD)
- জন্ম নিয়ন্ত্রণের জন্য : একটি পরিবার পরিকল্পনা কেন্দ্র (CPEF)
- মাদকাসক্তদের জন্য: সিএসএপিএ কেন্দ্র (CSAPA)
- বিশেষ সংস্থাসমূহ |

## জানার জন্য

**অ বৈষম্য এবং চিকিৎসা গোপনীয়তা**: আপনি মূলত কোথাকার তার উপর নির্ভর করে স্বাস্থ্যকর্মীরা (ডাক্তার, নার্স, ডেন্টিস্ট ইত্যাদি) আপনাকে চিকিৎসা করতে অস্বীকার করতে পারেন না। এছাড়াও আপনার স্বাস্থ্যের অবস্থা সম্পর্কিত তথ্য অন্য কোন ব্যক্তি এমনকি কর্তৃপক্ষের কাছেও প্রকাশ নিষিদ্ধ |

**পর্যবেক্ষণাধীন চিকিৎসক** : ভাল চিকিৎসা এবং তার খরচ ফিরে পেতে আপনি একটি "generalist" ডাক্তার নির্বাচন করুন যিনি আপনার ফলো-আপের দায়িত্বে থাকবেন । আপনার প্রথম পরামর্শের সময় এটি সম্পর্কে আলোচনা করুন ।

সম্পূর্ণ তথ্য না পেলে অথবা আপনার অমতে কোনো প্রকার মেডিকেল কার্যাবলী এবং চিকিৎসা ব্যবস্থা নেওয়া হবে না |

Liberté • Égalité • Fraternité
RÉPUBLIQUE FRANÇAISE
MINISTÈRE DES SOLIDARITÉS ET DE LA SANTÉ

# আপনার চিকিৎসা কার্যকরী করতে কিভাবে আপনি স্বাস্থ্য বীমা পাবেন ?

ফ্রান্সের চিকিৎসা ব্যবস্থা খরচ স্বাপেক্ষ । কিন্তু আপনার অবস্থা অনুযায়ী স্বাস্থ্য বীমার মাধ্যমে আপনি আপনার চিকিৎসা খরচের আংশিক অথবা সম্পূর্ণ ব্যয়ভার বহন করতে পারবেন । পরবর্তী তথ্য এবং ফর্ম সংগ্রহ করতে যোগাযোগ করুন la caisse primaire d'assurance maladie(CPAM)এর কাছে অথবা ফোন করুন 3646 (পেইড নাম্বার), অথবা দেখুন www.ameli.fr এবং www.cmu.fr.

**গুরুত্বপূর্ণ**

- ✓ আপনার সন্তানদের স্বাস্থ্য সেবার প্রয়োজন হলে : আপনার স্বাস্থ্য বীমার অপেক্ষা না করে সাপোর্টিং ডকুমেন্ট এবং মেডিকেল ইনভয়েসগুলিকে সংযুক্ত করে CPAM এ আবেদন করুন।
- ✓ আপনার একটি স্থায়ী ঠিকানা দিতে হবে অথবা কোন সংস্থার কাছে ঠিকানার জন্য দ্রুত আবেদন করুন যেখানে আপনি গৃহহীন হলে আপনার চিঠিপত্র পেতে পারেন।

## আমার কোনও বাসস্থান পারমিট নেই এবং আমি 3 মাসেরও কম সময়ের জন্য ফ্রান্সে রয়েছি

**আমাকে আমার সমস্ত চিকিৎসা খরচ দিতে হবে ......**

......কিন্তু আমি বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেতে পারি:

- হাসপাতাল থেকে, যদি আমি গর্ভবতী হই অথবা জরুরী স্বাস্থ্য সেবার জন্য হাসপাতালে থাকি, যেমন: আঘাত বা গুরুতর অসুস্থতা, সংক্রামক রোগ (খিঁচুনি, যক্ষ্মা ইত্যাদি), দীর্ঘস্থায়ী অসুস্থতা (ডায়াবেটিস, ইত্যাদি),ঔষধ প্রয়োগের প্রয়োজন হলে।

- পৃষ্ঠা 1 এ তালিকাভুক্ত ফ্রি সেবা সুবিধাগুলির মধ্যে একটি হলে ।

## আমার কোনও বাসস্থান পারমিট নেই এবং আমি 3 মাসের অধিক সময়ের জন্য ফ্রান্সে রয়েছি

**আমি l'Aide Medicale de l'Etat (AME) এর জন্য নিকটবর্তী CPAM এ আবেদন করবো**

যদি আমি শর্তগুলি পূরণ করি (কম আয় এবং প্রমাণ করি যে আমি 3 মাস ধরে ফ্রান্সে আছি), আমি একটা AME কার্ড পাব চিকিৎসার সময় দেখানোর জন্য (হাসপাতালে, ডাক্তারের কাছে,ওষুধের জন্য, ইত্যাদি)কিন্তু এই চিকিৎসার জন্য খরচ দিতে হবে । ব্যতিক্রম হিসেবে কিছু বিশেষ ওষুধের খরচ এবং বিশেষ কোন ডাক্তারের পরামর্শ ফি এর অংশ আমাকে দিতে হবে না ।

পরামর্শের আগে পরামর্শ ফি জিজ্ঞাসা করুন।

AME বিনামূল্যে এবং এর মেয়াদ 1 বৎসর

## আমি ফ্রান্স ভ্রমণ করছি (উদাহরণ: পর্যটন ভিসায়)

**আমাকে সমস্ত চিকিৎসা খরচ দিতে হবে** ।
আমাকে মূল্য প্রদানের মাধ্যমে প্রাইভেট স্বাস্থ্য বীমা করতে হবে কিছু শর্ত সাপেক্ষে চিকিৎসার খরচ চালানোর জন্য ।

## আমার আবাসিক পারমিট আছে এবং আমি 3 মাস ধরে ফ্রান্সে রয়েছি

**আমি আমার CPAM থেকে স্বাস্থ্য বীমা কভারেজ এবং পরিপূরক CMU জন্য আবেদন করবো।**

**আমার স্বাস্থ্য বীমা কভারেজের জন্য,** আমি অধিকারপত্রের সার্টিফিকেট « attestation de droits » নামক একটি কাগজ, তারপর « carte Vitale » নামক একটি কার্ড পেয়ে যাব, যা আমার চিকিৎসা খরচের অংশ ফেরত পেতে আমার চিকিৎসা শুরুর সময় প্রদর্শন করতে হবে।
পরামর্শ আগে মূল্য জিজ্ঞাসা করুন ।

**সম্পূর্ণ খরচ পেতে, আমি অতিরিক্ত কাভারেজ থেকে উপকৃত হতে পারি**

- ✓ যদি আমি অতিরিক্ত CMUএর শর্তাবলী পূরণ করি (আমার কম আয় এবং তিন মাস ধরে আমি ফ্রান্সে আছি ), আমার প্রত্যায়নপত্র ও carte Vitale আপডেট করা থাকে,হয় তাহলে আমার চিকিৎসা খরচ সম্পূর্ণরূপে কভার হবে।আমাকে আমার চিকিৎসার জন্য অর্থ প্রদান করতে হবে না।পরিপূরক CMU বিনামূল্যে এবং এর মেয়াদ 1 বছর ।
- ✓ পরিপূরক CMU সুবিধা পাওয়ার ক্ষেত্রে আমার আয় যদি অনেক বেশি হয় তাহলে আমি একটি Mutuelle স্বাস্থ্য বীমা ক্রয় করতে পারি যা আমার পছন্দ মতো কন্ট্রাক্ট অনুযায়ী চিকিৎসা মূল্য ফেরত দেবে।

যদি আমার কোনো চাকরি থাকে,যদি আমি আশ্রয়প্রার্থী, শরণার্থী, ছাত্র বা পরিবারের একজন সদস্য যারা ইতিমধ্যেই স্বাস্থ্য কভার পেয়েছেন তাহলে ফ্রান্সে আমার আগমনের পর 3 মাস অপেক্ষা না করেই আমি আমার স্বাস্থ্য-বীমার সুবিধা থেকে উপকৃত হতে পারি।

CPAM- এ আপনার স্বাস্থ্যবিমার আবেদন (যার একটি অনুলিপি আপনি রেখেছেন):

- ✓ **ফ্রান্সে বসবাসরত আপনার সমস্ত আধিকারিকদের অন্তর্ভুক্ত করুন যাতে তারাও উপকৃত হয়।**
- ✓ দাখিল করুন নাম ও তারিখ সহ আপনার ফ্রান্সে উপস্থিতির সমস্ত প্রমাণপত্র( উদাহরণস্বরূপ: পাসপোর্ট স্ট্যাম্প, ভাড়া প্রাপ্তি, টেলিফোন বিল, ডাক্তারের প্রেসক্রিপশন, অ্যাসোসিয়েশন সার্টিফিকেট, লাইব্রেরী, ফ্রেঞ্চ ক্লাসের জন্য নিবন্ধন পত্র....)
- ✓ যদি আপনার চিকিৎসা করা হয়, তাহলে আপনার বিলটি বা মেডিক্যাল সার্টিফিকেট সংযুক্ত করুন যাতে আপনার আবেদনপত্রটি অগ্রাধিকার পায়।